

চাকরুকলায় সাংবাদিকের ওপর হামলা অভিযুক্ত শিক্ষক ও ছাত্রদের বহিষ্কার দাবি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

সাংবাদিকদের ওপর হামলার ইচ্ছন দেয়ার অভিযোগে অভিযুক্ত শিক্ষক শিশির ভট্টাচার্যকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার, হামলাকারী ছাত্রদের চাকরুকলা অনুষ্ঠান থেকে স্থায়ীভাবে বহিষ্কারসহ চার দফা দাবিতে গতকাল অপরাহ্নে বাংলাদেশ / পাদদেশে মানববন্ধন কর্মসূচি ও সংশ্লিষ্ট সমাবেশ করেছে ঢাবি সাংবাদিক সমিতি। সমাবেশ থেকে বিভিন্ন পত্রিকায় মিথ্যা ও বানোয়াট সংবাদ বিজ্ঞপ্তি পাঠানো এবং ফোন করে নিউজকেট সদস্যদের প্রভাবিত করার জন্য চাকরুকলা অনুষ্ঠানের ডিন অধ্যাপক রফিকুল্লাহকে নৈতিক স্থাননের দায়ে অভিযুক্ত করে ১৯৭০ নামের আদেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হয়। অন্য দাবি দুটি হচ্ছে আহতদের সুচিকিৎসার ব্যবস্থা করা এবং ক্যামেরা, মোবাইল, মানিব্যাগসহ কেড়ে নেয়া

মালামাল ফেরত দেয়া। দুপুর ১২টা নাগাদ অপরাহ্নে বাংলা পাদদেশে এ মানববন্ধন শুরু হয়। এ কর্মসূচিতে ঢাবি সাংবাদিক সমিতির সদস্য, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী ও সাধারণ ছাত্রছাত্রীরা অংশ নেন। কর্মসূচি শেষে সংশ্লিষ্ট সমাবেশের আয়োজন করা হয়। সমিতির সভাপতি শাহজাহান চৌধুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক রিয়াজুল করিমের পরিচালনায় এতে বক্তব্য রাখেন সমিতির সাবেক সভাপতি মাহবুবুর রহমান, বাংলার চোখের ফটো সাংবাদিক মোহেল হাসনাইন, সাইদুর রহমান, খোদেমতী ইহসান, নাজমুল হোসাইন প্রমুখ। সমাবেশে ঢাবি সাংবাদিক সমিতির সাবেক সভাপতি মাহবুবুর রহমান বলেন, অতীতের অভিজ্ঞতা থেকে দেখা গেছে, সরকারি দল ও শিক্ষকরা সাংবাদিকদের নির্যাতন করলে তার বিচার হয় না। তিনি দোষীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।